তারিখ ... 12 AUG 2018 ...
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

শিক্ষার্থীদের ব্যবস্থা নেবে বোর্ড

# অবৈধ পিস কলেজ বন্ধ ঘোষণা : বৈধ দুটির অনুমোদন বাতিল

**যুগান্তর রিপোর্ট**

অবৈধ পিস স্কুলের পর এবার সরকার কলেজও বন্ধ ঘোষণা করেছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে বৃহস্পতিবার এ সংক্রান্ত আদেশ জারি করা হয়। একই সঙ্গে এসব কলেজের বিরুদ্ধে ব্যবস্থা নিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়েছে। এদিকে ঢাকায় 'পিস' নামযুক্ত দুটি বৈধ কলেজের অনুমোদন বাতিল করেছে ঢাকা শিক্ষা বোর্ড। বৃহস্পতিবার সন্ধ্যায় এ সংক্রান্ত আদেশ জারি হয়েছে।

এই দুটি কলেজের একটি দক্ষিণ বনশ্রীতে অবস্থিত। নাম হচ্ছে 'পিসফুল কলেজ'। এই প্রতিষ্ঠানটি কলেজের অনুমোদন আনলেও সঙ্গে স্কুল শাখা খুলে বসেছে। এখানে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে সর্বমোট ১১৯জন ছাত্রছাত্রী আছে। এর মধ্যে এবার একাদশ শ্রেণীতে ভর্তি হয়েছে ৫২ জন। বাকিরা দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থী। স্কুল শাখার ছাত্রছাত্রীদের তথ্য বোর্ডের কাছে নেই। অপরটি 'ঢাকা পিস কলেজ' ভাটারা থানায় নতুনবাজারে অবস্থিত। এটিতে একাদশ শ্রেণীতে ৫৬ জন ও দ্বাদশ শ্রেণীতে ৪৬ জন ছাত্রছাত্রী আছে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, অনুমোদন বাতিলের কারণে এই কলেজ দুটি আর চালাতে পারবে না। এই সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে পুলিশের কাছেও যাবে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এই দুই প্রতিষ্ঠানে কলেজ শাখার ছাত্রছাত্রীদের লেখাপড়া চালিয়ে যাওয়ার ব্যবস্থা আমরা নেব। তাদের পছন্দ অনুযায়ী, পার্শ্ববর্তী কলেজে ভর্তির ব্যবস্থা করা হবে। জানা গেছে, এই সিদ্ধান্তের আগে বোর্ড কর্তৃপক্ষ কলেজ দুটির কাছে ১১টি তথ্য চেয়েছিল। কিন্তু অধিকাংশ তথ্য গোপনের চেষ্টা করা হয়েছে।